মেহেরপুর-২ আসনে ৯ জন বৈধ, ৫ জন অবৈধ ও ১ জনের মনোনয়ন স্থগিত ঘোষণা

আরপিও’র ১৯৭২ এর ১৪ অনুচ্ছেদের কয়েকটি ধারা অনুযায়ী মেহেরপুর-২ আসনে ৯ প্রার্থীর মনোনয়ন বৈধ, ৫ প্রার্থীর মনোনয়ন বাতিল এবং ১ প্রার্থীর মনোনয়ন স্থগিত করেছেন জেলা রিটার্নিং কর্মকর্তা শামীম হাসান।

আজ রবিবার সকাল ১০ টা থেকে দুপুুর ১ টা পর্যন্ত মেহেরপুর জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং কর্মকর্তা শামীম হাসানের সম্মেলন কক্ষে মনোননয়ন যাচাই বাছাই শেষে এ তথ্য জানানো হয়েছে।

মেহেরপুর-২ আসনের মনোনয়ন বাতিল হওয়া প্রার্থীদের অ্যাডভোকেট রাশিদুল হক জুয়েল সদ্য গাংনী উপজেলা পরিষদ থেকে পদত্যাগ কারী ভাইস চেয়ারম্যান। মনোনয়নপত্রে তার এক শতাংশ ভোটারের সত্যতা না পাওয়া ও ভোটারের জাল স্বাক্ষরের কারণে তার মনোনয়ন বাতিল করা হয়।

একই কারণে আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী সাবেক ছাত্রলীগ নেতা নুরুল ইসলাম, আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেসুর রহমান মুকুল, উপজেলা আওয়ামী লীগের সদস্য জাহাঙ্গীর আলম বাদশা ও স্বতন্ত্র আশরাফুল ইসলামের মনোনয়ন বাতিল করা হয়।

এছাড়া হলকনামায় উল্লেখিত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র দিতে না পারায় বাংলাদেশ কংগ্রেসের মনোনীত প্রার্থী আল ফারুকের মনোনয়ন স্থগিত করা হয়।

মেহেরপুর-২ আসনের বৈধ প্রার্থীরা হলেন- আওয়ামী লীগ প্রার্থী আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও বর্তমান সংসদ সদস্য স্বতন্ত্র প্রার্থী সাহিদুজ্জামান, স্বতন্ত্র প্রার্থী সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, তৃনমূল বিএনপির আব্দুল গনি, এনপিপির গোলাম রসুল, বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোটের শাহ জামাল, ওয়ার্কাস পার্টির নুর আহমেদ বকুল, জাকের পার্টির সামসুদ্দোহা, জাতীয় পিার্টর কিতাব আলী।

জেলা রিটার্নিং কর্মকর্তা শামীম হাসান জানান, যাদের মনোনয়ন বাতিল করা হয়েছে। তারা সংক্ষূব্ধ হলে আপিল করতে পারবেন।

ঝিনাইদহে জাতীয় পার্টির প্রার্থীর সংবাদ সম্মেলন

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে দলীয় মনোনয়নপত্র জমা দিয়েছেন জাতীয় পার্টির ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য প্রার্থী মেজর অবসরপ্রাপ্ত মাহফুজুর রহমান।

শুক্রবার (১ডিসেম্বর) সকালে এ উপলক্ষে ঝিনাইদহ শহরের চাকলাপাড়ায় তার রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করেন। সম্মেলনে দলটির জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতীয় পার্টি জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি ও কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য মাহফুজুর রহমান সংবাদ সম্মেলনে আসন্ন জাতীয় সংসদ নির্বাচন যেন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হয় সে ব্যাপারে সংশ্লিষ্টদের হস্তক্ষেপ কামনা করেন। সেই সাথে ঝিনাইদহ ও হরিণাকুন্ডুবাসীকে জাতীয় পার্টির লাঙ্গল মার্কায় ভোট দেওয়ার আহ্বান জানান।

চুয়াডাঙ্গা-১ ও ২ আসনে ২০ জনের মনোনয়ন ফরম জমা

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা -১ ও চুয়াডাঙ্গা – ২ আসনে মোট ২০ জনের মনোনয়ন ফরম জমা পড়েছে। মনোনয়ন ফরম জমা দেওয়ার শেষ তারিখ ছিল বৃহস্পতিবার (৩০ নভেম্বর) । শেষ দিনে চুয়াডাঙ্গা জেলা রিটার্নিং অফিসার ও চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের

কার্যালয়ে মনোনয়ন ফরম জমা দিতে আসে চুয়াডাঙ্গা ১ ও ২ আসনের সংসদ সদস্য পদপ্রার্থীরা । মোট ২৩ জন মনোনয়ন ফরম উত্তোলনের মধ্যে ২০ জন শেষ দিনে মনোনয়ন ফরম জমা দিতে পেরেছেন। শেষ দিনে সকাল থেকে বিকাল চারটা পর্যন্ত চলে মনোনয়ন জমা দেওয়ার কার্যক্রম।

এদিকে সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা-১ আসনের বর্তমান সংসদ সদস্য চুয়াডাঙ্গা-১ আসনের আওয়ামী লীগ মনোনীত প্রার্থী সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন নেতাকর্মীদের সাথে নিয়ে মনোনয়নপত্র জমা দেন। এ আসনের আরও ৫ জন আওয়ামী লীগ নেতা স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন। তারা হলেন, দিলীপ কুমার আগরওয়ালা, এম এ রাজ্জাক খান, আফরোজা পারভীন, শেখ সামসুল আবেদিন খোকন ও এম শহিদুর রহমান। অপরদিকে একই আসন থেকে অন্য দলের মধ্যে মনোনয়ন পত্র দাখিল করেছেন জাতীয় পার্টির চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি অ্যাড. সোহরাব হোসেন, এনপিপি’র (ন্যাশনার পিপলস্ পার্টি) কেন্দ্রীয় মহাসচিব ইদ্রিস চৌধুরী, জাকের পার্টির মনোনীত প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন সালাম উদ্দিন ও তৃণমূল বিএনপির প্রার্থী তাইজেল হক ।

চুয়াডাঙ্গা-২ আসনে মনোনয়ন ফরম জমা দিয়েছেন ১০ জন। এর মধ্যে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী চুয়াডাঙ্গা-২ আসনের বর্তমান সংসদ সদস্য আলী আজগার টগর মনোনয়নপত্র জমা দেন। এছাড়া এ আসন থেকেও আওয়ামী লীগের ৫জন স্বতন্ত্র হিসেবে ভোট করতে মনোনয়নপত্র জমা দিয়েছেন। তারা হলেন, হাশেম রেজা, নুর হাকিম, মীর্জা শাহারিয়ার মাহমুদ, নজরুল মল্লিক ও আব্দুল মালেক মোল্লা। অপরদিকে এ আসনে অন্য দলে মধ্যে মনোনয়নপত্র দাখিল করেছেন জাতীয় পার্টির জেলা শাখার সাধারণ সম্পাদক অ্যাড. রবিউল ইসলাম, জাকের পার্টির চুয়াডাঙ্গা জেলার সভাপতি আব্দুল লতিফ খান, জাতীয় সমাজ তান্ত্রিক দল (জাসদ) নেতা দেওয়ান ইয়াছিন উল্লাহ, এনপিপি’র (ন্যাশনার পিপলস্ পার্টি) কেন্দ্রীয় মহাসচিব ইদ্রিস চৌধুরী।

ঝিনাইদহের ৪টি আসনে ২৭ প্রাথীর মনোনয়ন পত্র জমা

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন আগামী ৭ জানুয়ারী অনুষ্ঠিত হবে। নির্বাচনে বিভিন্ন রাজনৈতিক দল ও স্বতন্ত্র প্রার্থীরা উৎসব মূখর পরিবেশে ঝিনাইদহ রিটার্নিং ও সহকারী রিটার্নিং কর্মকর্তার নিকট তাদের মনোনয়ন পত্র জমা দেন।

ঝিনাইদহ-২ আসনে আওয়ামী লীগ, জাতীয় পার্টি, জাসদ, বাংলাদেশ কংগ্রেস, বাংলাদেশ ন্যাশনাল পিপলস পার্টি,ন্যাপ ও স্বতন্ত্রসহ বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

আজ বৃহস্পতিবার (৩০নভেম্বর) দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মনোনয়ন পত্র গ্রহন করেন জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। সেসময় আওয়ামী লীগ মনোনীত প্রার্থী বর্তমান এমপি তাহজীব আলম সিদ্দিকী সমি’র পক্ষে মনোনয়ন পত্র জমা দেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল খালেক। উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এড. আজিজুর রহমান, সাংগঠনিক সম্পাদক অশোক ধর, মাহমুদুল ইসলাম ফোটন, হরিণাকুন্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হুসাইন, যুবলীগের যুগ্ম-আহবায়ক রাজু আহমেদ, সদর উপজেলার সাবেক আহবায়ক শাহ্ মোঃ ইব্রাহিম খলিল রাজা, এমপির পিএস রোকনুজ্জামান রিপন, বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানসহ আওয়ামী লীগ, যুবলীগ, কৃষকলীগ, শ্রমীকলীগ, সেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

স্বতন্ত্র প্রার্থী হিসেবে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নাসের শাহরিয়ার জাহেদী মহুল এর পক্ষে মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

অপর দিকে বিকালে জাতীয় পার্টির দলীয় মনোনয়ন পত্র জমা দেন জেলা জাতীয় পার্টির সিনিয়র সহ-সভাপতি ও কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য এমপি প্রার্থী মেজর (অবঃ) মাহফুজুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টির সাংগঠনিক সম্পাদক আসিফ উদ্দিন লাবলু, দপ্তর সম্পাদক অরবিন্দ কুমার, জেলা তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক সুলতান আহমেদ সোহাগ, হরিণাকুন্ডু উপজেলা জাতীয়

পার্টির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক গোলাম কিবরিয়াসহ জাতীয় পার্টির নেতৃবৃন্দ। এছাড়া বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) এর অধ্যক্ষ খন্দকার হাফিজ ফারুক, জাতীয় সমাজতান্ত্রীক দল জাসদের ফজলুল কবির গামা, বাংলাদেশ কংগ্রেসের মোঃ নাসির উদ্দীন, ন্যাশনাল পিপুলস পার্টির মিজানুর রহমান মিজু তাদের নেতা কর্মীদের সাথে নিয়ে মনোনয়ন পত্র জমাদেন।

এছাড়াও ঝিনাইদহ-১ আসনে জেলা আওয়ামী লীগের সভাপতি আওয়ামী লীগ মনোনিত আব্দুল হাই, স্বতন্ত্র বিশ্বাস বির্ল্ডাসের চেয়ারম্যান নজরুল ইসলাম দুলাল, জাতীয় পার্টির মনিকা আলম, বিএনএফ থেকে বীর মুক্তিযোদ্ধা আবুবক্কর, তৃনমূল বিএনপি’র কে এম জাহাঙ্গীর আলম এবং বিভিন্ন রাজনৈতিক দল ও স্বতন্ত্রসহ ৭জন, ঝিনাইদহ-৩ আসনে আওয়ামী লীগ মনোনিত প্রার্থী অবঃ মেজর জেনারেল সালাউদ্দীন মিয়াজী, স্বতন্ত্র হিসেবে জমা দিয়েছেন বর্তমান এমপি শফিকুল আজম চঞ্চল ও সাবেক এমপি নবী নেওয়াজ, জাতীয় পার্টির আব্দুর রহমানসহ ৭জন। ঝিনাইদহ-৪ আসন থেকে মনোনয়ন পত্র জমা দিয়েছেন আওয়ামী লীগ মনোনিত বর্তমান এমপি ও কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি আনোয়ারুল আজিম আনারসহ মোট ৫জন।

ঝিনাইদহ ৩ আসনে ৭ জন প্রার্থী মনোনয়ন পত্র জমা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ -৩ সংসদীয় আসনে মনোনয়ন জমা দিয়েছেন ৭ জন প্রার্থী। এরমধ্যে রয়েছে ৩ দলীয় ও ৪ জন স্বতন্ত্র প্রার্থী।বিষয়টি নিশ্চিত করেছেন,মহেশপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রির্টানিং কর্মকর্তা নয়ন কুমার রাজবংশী।

নির্বাচনী তফসিল অনুযায়ী ৩০ নভেম্বর ছিল, মনোনয়ন ফরম ক্রয় ও জমা দানের শেষ তারিখ। ঝিনাইদহ -৩ আসনে আওয়ামী লীগের দলীয় প্রার্থী হতে ১৪ জন মনোনয়ন প্রত্যাশী ফরম কিনে ছিল। এ ছাড়া জাকের পার্টি,জাতীয় পার্টি ও তৃন মূল বিএনপি প্রার্থী মনোনয়ন ফরম কিনে ছিল।

জমা দানের শেষ দিনে,মহেশপুর নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে ৭ জন ও কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ২ জন প্রার্থী মনোনয়ন ফরম জমা দিয়েছেন। এরমধ্যে মহেশপুর নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে জমা দিয়েছেন,আওয়ামীলীগ মনোনীত নৌকার মাঝি মেজর জেনারেল সালাহউদ্দিন মিয়াজি (অব.)।

স্বতন্ত্র প্রার্থী জেলা আওয়ামী’লীগের সহ-সভাপতি সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল,কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক সংসদ সদস্য মোঃ নবী নেওয়াজ,জেলা আ’লীগের তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক ও কেন্দ্রীয় সেচ্ছাসেবকলীগের সদস্য আনিছুর রহমান টিপু,বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় উপ-কমিটির সাবেক সহ-সম্পাদক টি,এম, আজিজুর রহমান (মহন)।

এ ছাড়া জাতীয় পার্টি থেকে মনোনয়ন জমা দিয়েছেন, মহেশপুর জাতীয় পার্টির সভাপতি সাংবাদিক আব্দুর রহমান ও জাকের পার্টির বাবুল হোসেন।

অন্যদিকে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়েও মনোনয়ন ফরম জমা দিয়েছেন,নৌকার মাঝি মেজর জেনারেল সালাহউদ্দিন মিয়াজি (অব.) ও স্বতন্ত্র প্রার্থী জেলা আওয়ামী’লীগের সহ-সভাপতি সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

মেহেরপুর ১ আসনে লাঙ্গল প্রার্থী আব্দুল হামিদের মনোনয়ন পত্র জমা

মেহেরপুর ১ আসনে মনোনয়ন পত্র জমা দিয়েছেন জাতীয় পার্টির মনোনীত লাঙ্গল প্রার্থী ও জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ। আজ বৃহস্পতিবার (৩০ নভেম্বর) সকাল ১১ টার সময় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে রিটারিং অফিসার শামীম হাসানের হাতে মনোনয়নপত্র জমা দেন।

এ সময় উপস্থিত ছিলেন সহ-সভাপতি হামিদুল ইসলাম, সহ-সভাপতি আব্দুল মান্নান, সহ-সভাপতি রুহুল সাত্তার, সাধারণ সম্পাদক আব্দুল হাদী, যুগ্ম সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহকারী সাধারণ সম্পাদক আক্তার হোসেন সুমন, শ্রম বিষয়ক সম্পাদক ইকবাল হোসেন, প্রচার সম্পাদক মামলাত হোসেন প্রমুখ।

মেহেরপুরে জাতীয় পার্টি প্রার্থীর মনোনয়ন ফরম উত্তোলন

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নাঙ্গল প্রতীক নিয়ে নির্বাচন করার জন্য মেহেরপুর ১ আসন থেকে মনোনয়ন ফরম উত্তোলন করেছেন জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ।

মঙ্গলবার (২৮ নভেম্বর ) দুপুর একটার দিকে মেহেরপুর ১ আসনের জন্য মনোনয়ন ফরম সংগ্রহ করেন আব্দুল হামিদ।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মো. ওয়ালিউল্লাহ এর নিকট থেকে তিনি এ মনোনয়ন ফরম সংগ্রহ করেন।

এসময় জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ বলেন, বাংলাদেশ আজকে বৈষম্যের মধ্যে বাস করছে। বাংলাদেশের ১৬ কোটি মানুষকে যদি আমরা বাঁচাতে চাই তাহলে মেহেরপুরবাসীকে জাতীয় পার্টির আশ্রয় নিতে হবে। শান্তিপূর্ণভাবে বসবাস করার জন্য নাঙ্গলের বিকল্প নেই।

জেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক আব্দুল হাদী বলেন, মেহেরপুর ১ আসনে জাতীয় পার্টির হাতকে শক্তিশালী করে এই আসনটা আমরা জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের স্যারকে উপহার দিতে চাই।

এসময় জেলা জাতীয় পার্টি সহ-সভাপতি আব্দুল মান্নান ও হামিদুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহকারি সাধারণ সম্পাদক সুমন পারভেজ, প্রচার সম্পাদক মামলত হোসেন, মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য সরওয়ার হোসেন সহ মেহেরপুর জেলা পার্টি বিভিন্ন

নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় যারা হচ্ছেন জাপা প্রার্থী

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য দলীয় প্রার্থীদের নাম প্রকাশ করেছে জাতীয় সংসদের প্রধান বিরোধী দল জাতীয় পার্টি (জাপা)।

গতকাল সোমবার বিকেলে রাজধানীর বনানীতে অবস্থিত জাতীয় পার্টির চেয়ারম্যান কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে প্রার্থীদের নাম ঘোষণা করেন দলটির মহাসচিব মুজিবুল হক চুন্নু।

এরমধ্যে কুষ্টিয়া জেলা জাতীয় পার্টির সভাপতি নাফিজ আহমেদ খান টিটুকে কুষ্টিয়া-৩ (সদর), সাধারন সম্পাদক শাহরিয়ার জামিল জুয়েলকে কুষ্টিয়া-১ (দৌলতপুর), কুষ্টিয়া-২ (মিরপুর- ভেড়ামারা) শহীদুল ইসলাম ফারুকী,ও কুষ্টিয়া-৪ (খোকসা-কুমারখালী) মোঃ আয়ান উদ্দিনকে মনোনয়ন দেওয়া হয়েছে।

গত রবিবার ক্ষমতাসীন আওয়ামী লীগ ২৯৮ আসনে মনোনয়নপ্রাপ্তদের নাম ঘোষণা করলেও কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনটিতে কাউকে মনোনীত করেনি। বর্তমানে এখানের সংসদ সদস্য জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) থেকে তিনবার বিজয়ী হাসানুল হক ইনু।

২০০৮ সালে আওয়ামী লীগের সঙ্গে জোটভুক্ত হয়ে নবম জাতীয় সংসদ নির্বাচনে প্রথম বারের মতো জাসদ থেকে সংসদ সদস্য নির্বাচিত হন হাসানুল হক ইনু। এরপর আরও দুবার বিজয়ী হন তিনি। অনেকের ধারণা, এই আসনে ফের লড়বেন ইনু। সেই আসনে এবার প্রতিদ্বন্দ্বিতা করবেন জাপার শহীদুল ইসলাম ফারুকী।

নির্বাচনকে ঘিরে গত ২০ নভেম্বর থেকে দলীয় মনোনয়ন ফরম বিক্রি শুরু করে জাতীয় পার্টি। প্রথমে মনোনয়নপত্র বিক্রির শেষে সময় ২৪ নভেম্বর বলা হলেও পরে ফের সময় বাড়িয়ে মনোনয়নপত্র বিক্রি করে তারা। এরপর বিভাগ অনুযায়ী মনোনয়নপ্রত্যাশীদের সাক্ষাৎকার নেওয়া

হয়। জানা গেছে, জাতীয় পার্টি মোট এক হাজার ৭৫২ জন জাতীয় পার্টি থেকে মনোনয়ন ফরম কিনেছেন।

চুয়াডাঙ্গা-২ আসনে জাসদ ও জাতীয় পার্টির দলীয় মনোনয়ন ঘোষণা

চুয়াডাঙ্গা-২ আসন থেকে জাসদ ও জাতীয় পার্টির ২ জন দলীয় মনোনয়ন পেয়েছে। এদের মধ্যে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের মশাল প্রতিকে দেওয়ান ইয়াসিন উল্লাহ ও জাতীয় পার্টির লাঙ্গল প্রতিকে রবিউল ইসলাম দলীয় মনোনয়ন পেলেন।

আজ সোমবার সকাল ১১টায় দর্শনা পৌর জাসদের অফিস থেকে দেওয়ান ইয়াসিন উল্লাহ তার মনোনয়ন সংগ্রহ করেছেন। জাতীয় সমাজতান্ত্রিক দলের সভাপতি হাসানুল হক ইনু”র প্রেরিত মনোনয়ন পত্রটি জাতীয় যুব জোটের দর্শনা পৌর সভাপতি আলমগীর হোসেন মিল্টন, জাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য অনলাইন নিউজ পোর্টাল ইভেন্ট অল ইভেন্ট নিউজের নিবার্হী সম্পাদক আব্দুস সামাদ আজাদ বিপু ও গড়াইটুপি ইউনিয়ন জাসদের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা কমিটির সদস্য ডাক্তার হোসেন এর নিকট থেকে চুয়াডাঙ্গা-২ আসনের মনোনয়ন পত্রটি দেওয়ান ইয়াসিন উল্লাহ গ্রহন করেন।

এ নিয়ে চুয়াডাঙ্গা-২ আসন থেকে ৩ জন দলীয় মনোনয়ন পেলেন।

মেহেরপুরে লাঙ্গল চষতে চান চান

৩ জন

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করতে জাতীয় পার্টির দলীয় মনোনয়ন ফর্ম সংগ্রহ করেছেন তিনজন।

মেহেরপুর-১ সংসদীয় আসনের জন্য ১ জন এবং মেহেরপুর-২ সংসদীয় আসনের জন্য ২ জন।

আজ বৃহস্পতিবার দলীয় মনোনয়ন সংগ্রহের শেষ দিনে দলীয় কার্যালয় থেকে মেহেরপুর-২ সংসদীয় আসনের (গাংনী) জন্য মনোনয়ন ফর্ম সংগ্রহ করেন কিতাব আলী।

ইতোপূর্বে গতকাল বুধবার দলীয় কার্যালয় থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করেন মেহেরপুর-১ সংসদীয় আসনের (মেহেরপুর সদর ও মুজিবনগর) জন্য আব্দুল হামিদ এবং মেহেরপুর-২ সংসদীয় আসনের (গাংনী) জন্য মোঃ আব্দুল বাকী।